**Times Today BD** 

এসকে সোহেল | খুলনা | 08 May, 2025

বাগেরহাটের সুন্দরবন থেকে ৪২ কেজি হরিণের মাংস জব্দ করেছে বনবিভাগ।বহস্পতিবার (০৮ মে)ভোর রাতে চাঁদপাই রেঞ্জের হুলার

ভারানী খাল থেকে এই মাংস উদ্ধার করা হয়।তবে এসময় কাউকে আটক করতে পারেনি বনরক্ষীরা।উদ্ধার হরিণের মাংস কেরোসিন তেল

দিয়ে পুড়িয়ে বিনষ্ট করে মাটিচাপা দেয়া হয়েছে।

সুন্দরবন পূর্ব বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা মো: রেজাউল করিম চৌধুরী বলেন, গোপন

সংবাদের ভিত্তিতে ভোরে বনের হুলার ভারানী খালে অভিযান চালায় বনরক্ষীরা। এসময়

বনরক্ষীদের উপস্থিতি টের পেয়ে চোরাশিকারীরা বনের গহীনে পালিয়ে যায়। পরে তাদের

ফেলে যাওয়া নৌকায় তল্লাশি চালিয়ে ৪২ কেজি হরিণের মাংস ও শিকারীদের ব্যবহৃত নৌকা

জব্দ মকরা হয়।নৌকা থেকে পাওয়া জাতীয় পরিচয়পত্র দেখে চোরা শিকারীদের সনাক্ত করা

হয়েছে।তাদের বিরুদ্ধে বন আইনে মামলা দায়ের করা হয়েছে।

সুন্দরবন হরিণের মাংস আটক শিকারি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:12

URL: https://timestodaybd.com/public/khulna/7758072158